



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১৬.০০১.২৪-২০

তারিখঃ ১১.১২.২০২৪

বিষয়ঃ 'তথ্য অধিকার আইন ২০০৯' এর আলোকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য হালনাগাদ ও তাঁদের কার্যপরিধি নির্ধারণ সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর আলোকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের তথ্য নিম্নবর্ণিতভাবে হালনাগাদ করে তাঁদের কার্যপরিধি নির্ধারণ করা হয়েছেঃ

ক্রম	বিবরণ	নাম, পদবী, ফোন/মোবাইল নং, ই-মেইল ও অফিসের ঠিকানা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	জনাব মোঃ মারজিউল হক সজীব সিনিয়র অফিসার তথ্য অধিকার কর্মকর্তা মোবাইল: +৮৮-০১৬৮০৩৭৪১৯১ ই-মেইল: Pro@pkb.gov.bd অফিসের ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।
২	বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	জনাব মোহাম্মদ মিজানুর রহমান মহাব্যবস্থাপক ফোন: +৮৮-০২-৪৮৩২২৩২৮ ই-মেইল: gm@pkb.gov.bd অফিসের ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।
৩	আপীল কর্তৃপক্ষ	জনাব চানু গৌপাল ঘোষ ব্যবস্থাপনা পরিচালক ফোন: +৮৮-০২২৪৮৩২১৯৭৯ ই-মেইল: md@pkb.gov.bd অফিসের ঠিকানা: প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।

২. দায়িত্বপ্রাপ্ত তথ্য অধিকার কর্মকর্তার দায়িত্ব ও কার্যপরিধিঃ

- আবেদন গ্রহণ ও তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা (তঅবি), ২০০৯ বিধি-৩ অনুসারে আবেদনপত্র গ্রহণের প্রাপ্তি স্বীকার করবেন;
- অনুরোধকৃত তথ্য তথ্য অধিকার আইন (তঅআ), ২০০৯ ধারা-৯ ও তঅবি, ২০০৯ বিধি-৪ অনুসারে যথাযথভাবে সরবরাহ করবেন;
দেশে ও প্রবাসে আপনারই পাশে
- তথ্য প্রদানে অপরাগতার ক্ষেত্রে তঅআ, ২০০৯ ধারা-৯(৩) ও তঅবি, ২০০৯ বিধি-৫ অনুসারে যথাযথভাবে অপরাগতা প্রকাশ করবেন;
- অনুরোধকৃত কোন তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি তঅআ, ২০০৯ ধারা-৯(৬) (৭) ও তঅবি, ২০০৯ বিধি-৮ অনুসারে উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অহবিত করবেন;
- অনুরোধকৃত তথ্যের সাথে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তঅআ, ২০০৯ ধারা-৯(৮) অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন।
- তঅআ, ২০০৯ এর তফসিলে নির্ধারিত আবেদনের ফরমেট/ ফরম 'ক' সংরক্ষণ ও কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে সরবরাহ;
- আবেদন ফরম পূরণে সক্ষম নয় এমন আবেদনকারীকে আবেদন ফরম পূরণে সহায়তা;
- কোন নাগরিকের চাহিদার প্রেক্ষিতে তাঁকে আপীল কর্তৃপক্ষ নির্ণয়ে সহায়তা;
- সঠিক কর্তৃপক্ষ নির্ণয়ে ভুল করেছে এমন আবেদনকারীকে সঠিক কর্তৃপক্ষ নির্ণয়ে সহায়তা;
- কোন শারীরিক প্রতিবন্ধি ব্যক্তির তথ্য প্রাপ্তি নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাঁকে উপযুক্ত পদ্ধতিতে তথ্য প্রাপ্তিতে সহায়তা করবেন। এ ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য কোন ব্যক্তির সহায়তা গ্রহণ করতে পারবেন;



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইন্সটন গার্ডেন রোড, ইন্সটন, ঢাকা-১০০০

- ট. তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ এবং তা তত্ত্বা, ২০০৯ এর সাথে সামঞ্জস্যপূর্ণ হচ্ছে কিনা তা নির্ধারণে কর্তৃপক্ষকে সহায়তা করা;
 - ঠ. তত্ত্বা, ২০০৯ এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশে সহায়তা করা;
 - ড. তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্রসহ এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ, আবেদনকারীর যোগাযোগের বিস্তারিত তথ্য সংরক্ষণ, তথ্য মূল্য আদায়, হিসাব সংরক্ষণ ও তা যথাস্থানে জমাকরণ এবং কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে এ সংক্রান্ত তথ্য যথাযথভাবে সরবরাহকরণ; এবং
 - ঢ. তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা; এবং
 - ণ. উর্ধ্বতন কর্তৃপক্ষ, কোন দপ্তর এবং উর্ধ্বতন অফিস বা এ ব্যাংকের কোন বিভাগ ও কমিটির চাহিদার আলোকে 'তথ্য অধিকার' সংক্রান্ত তথ্যাদি প্রেরণসহ সকল ক্ষেত্রে এ বিষয়ে সার্চিবিক দায়িত্ব পালন।
৩. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কার্যপরিধিঃ
- ক. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিকালীন 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা' এর উপর অর্পিত দায়িত্ব পালন; এবং
 - খ. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালীন অনুষ্টেদ ২ এ বর্ণিত 'দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কার্যপরিধি' তীর জন্য প্রযোজ্য হবে।

প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে


১১/১২/২০১৪
(মোহাম্মদ মিজানুর রহমান)
মহাব্যবস্থাপক

সংশ্লিষ্ট কর্মকর্তা
প্রবাসী কল্যাণ ব্যাংক

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১৬.০০১.২৪-২০

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। অঞ্চল প্রধান/শাখা ব্যবস্থাপক(সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
- ২। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; [পনারই পাশে]
- ৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; [ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ৪। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; [উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ৫। মহাব্যবস্থাপক (সকল) মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; [মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ৬। সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]; এবং
- ৭। অফিস কপি।

তারিখঃ ১১.১২.২০১৪